মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

গবেষণা বৃত্তি ও অনুদান প্রদানের জন্য গবেষণা প্রস্তাবনা আহবান

নথি নং বাউবি/প্রশা(সাধা)/মুক্তি:গবেষণা-৭৬(২)/২০১৬ তারিখ : ১৫/১০/২০২১

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের মাধ্যমে ২০২১-২০২২ অর্থ বৎসরে পিএইচডি গবেষণা বৃত্তি ও অনুদান প্রদানের লক্ষ্যে গবেষণা প্রস্তাবনা আহবান করা যাচ্ছে। গবেষণার বিষয়-বস্তু অবশ্যই মুক্তিযুদ্ধ কেন্দ্রিক হতে হবে।

গবেষণা প্রস্তাবনা দাখিলে আগ্রহী ব্যক্তির যোগ্যতা ও অভিজ্ঞতা এবং গবেষণা বৃত্তি ও মঞ্জুরীর পরিমাণ:

১। **পিএইচডি গবেষণা বৃত্তি :**

ক) বৃত্তির পরিমাণ মাসে ১২,০০০/-(বার হাজার) টাকা এবং গবেষণা বৃত্তি ০৩ বৎসরের জন্য চলমান থাকবে। বৎসরে মোট দুটি বৃত্তি প্রদান করা হবে।

খ) আবেদনকারী বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়সহ বাংলাদেশের কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ের নিয়ম-নীতির আওতায় রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে। উল্লেখ্য, রেজিস্ট্রেশন পাওয়ার পূর্বে প্রার্থী আবেদন করতে পারবেন, তবে রেজিস্ট্রেশন পাওয়ার পরই কেবলমাত্র গবেষণা বৃত্তি ছাড় দেয়া হবে।

গ) সর্বোচ্চ ৫০০(পাঁচশত) শব্দের মধ্যে গবেষণা প্রস্তাবনা পেশ করতে হবে। গবেষণা প্রস্তাবনায় গবেষণার উদ্দেশ্য, প্রয়োজনীয়তা, গবেষণায় অনুসৃতব্য পদ্ধতি এবং পরিকল্পনা (design) সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

২। **গবেষণা অনুদান :**

ক) গবেষণা অনুদানের পরিমাণ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা (প্রতিটি),তবে ব্যবস্থাপনা পরিষদের সুপারিশ সাপেক্ষে গবেষণা অনুদানের পরিমান বৃদ্ধি করা যেতে পারে।

খ) সর্বোচ্চ মোট ৫(পাঁচ)টি গবেষণা কর্মের জন্য অনুদান মঞ্জুর করা হবে।

গ) সর্বোচ্চ ৩০০ (তিনশত) শব্দের মধ্যে গবেষণা প্রস্তাবনা পেশ করতে হবে। গবেষণা প্রস্তাবনায় গবেষণার উদ্দেশ্য, প্রয়োজনীয়তা, গবেষণায় অনুসৃতব্য পদ্ধতি এবং পরিকল্পনা (design) উল্লেখ করতে হবে।

৩। আবেদনকারীকে সাদা কাগজে আবেদন করতে হবে। আবেদন পত্রে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে যে তিনি গবেষণা বৃত্তি অথবা গবেষণা অনুদানের যেকোনো একটির জন্য আবেদন করেছেন। আবেদনপত্রে প্রার্থীর পূর্ণাঙ্গ নাম, ঠিকানা, পেশা এবং

গবেষণা বৃত্তির ক্ষেত্রে সম্ভাব্য সুপারভাইজারের নাম, পদবী ও ঠিকানা উল্লেখ থাকতে হবে। আবেদনের সমর্থনে সকল সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৪। পিএইচডি গবেষণা বৃত্তির জন্য যিনি আবেদন করবেন তাকে অবশ্যই যে বিশ্ববিদ্যালয়ের নিয়ম-নীতির আওতায় আবেদন করবেন তার একটি কপি আবেদনের সাথে সংযুক্ত করবেন।

৫। গবেষণা বৃত্তি ও অনুদানের জন্য প্রাপ্ত গবেষণা প্রস্তাবনা সমূহ বিশ্ববিদ্যালয়ে অনুমোদিত উচ্চ পর্যায়ের যাচাই বাছাই কমিটি Central Research Committee (CRC) কর্তৃক নির্বাচিত হতে হবে।

৬। আবেদন পত্র এবং গবেষণা প্রস্তাবনা আগামী ১৫/১১/২০২১ তারিখের মধ্যে **পরিচালক, মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়,** বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫ বরাবর পৌঁছাতে হবে।

৭। গবেষণা বৃত্তি ও অনুদান সংক্রান্ত নিয়মাবলী সম্পর্কে জানার জন্য ভিজিট করুন www.bou.ac.bd

সাখাওয়াত হোসেন
পরিচালক, মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) গবেষণা কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন সংক্রান্ত নীতিমালা (পুনঃসংশোধিত) ২০১৭

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার লক্ষ্যে গবেষণা সংক্রান্ত নীতিমালা যা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গবেষণা কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন সংক্রান্ত নীতিমালা (পুনঃসংশোধিত) ২০১৭ নামে অভিহিত হবে।

১. বাউবি'র উচ্চশিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা সংক্রান্ত স্থায়ী কমিটি'র নিয়ন্ত্রণ সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/গবেষক/কর্মকর্তা গবেষণা কার্যক্রম পরিচালনা করবেন।

২. প্রতি বছর মে-জুন মাসে পরবর্তী অর্থ বছরের গবেষণা প্রকল্পের প্রস্তাবনা আহ্বান করে বাউবি'র প্রশিক্ষণ ও গবেষণা শাখা বিজ্ঞপ্তি প্রকাশ করবে।

৩. প্রতিটি গবেষণা কার্যক্রমের মেয়াদকাল হবে ১ বছর (অর্থ বছর)। মনোনয়নপ্রাপ্ত কোন গবেষক গবেষণা প্রকল্প নির্ধারিত সময়ে যৌক্তিক/গ্রহণযোগ্য কোন কারণে সমাপ্ত করতে না পারলে শিক্ষকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট স্কুল কমিটি এবং কর্মকর্তাদের ক্ষেত্রে বিভাগীয় প্রধানের সুপারিশের প্রেক্ষিতে উচ্চশিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা সংক্রান্ত স্থায়ী কমিটি সর্বোচ্চ ৬ মাস সময় বৃদ্ধির সুপারিশ করতে পারবে।

৪. একক বা যৌথভাবে (সর্বোচ্চ ২ জন) গবেষণা প্রকল্পের জন্য নির্ধারিত ছকে আবেদন করতে পারবেন। সংশ্লিষ্ট শিক্ষকগণ সংশ্লিষ্ট ডীনের এবং কর্মকর্তাগণ বিভাগীয় প্রধানের মাধ্যমে রেজিস্ট্রার, বাউবি বরাবর আবেদন দাখিল করবেন।

৫. কোন শিক্ষক/গবেষক/কর্মকর্তা একটি অর্থ বছরে মুখ্য গবেষক হিসেবে ০১টি এবং সহযোগী গবেষক হিসেবে ০১টি গবেষণা প্রস্তাব দাখিল করতে পারবেন।

৬. দূরশিক্ষণ, অন-লাইন, ই-লার্নিং ও শিক্ষা বিষয়ক গবেষণা প্রস্তাবনাকে অগ্রাধিকার দেয়া হবে। গবেষণা প্রস্তাবনা সংশ্লিষ্ট স্কুল/বিভাগের কাজের সাথে সম্পর্কিত হতে পারে।

৭. বাউবি'র গবেষণা খাতে বার্ষিক বরাদ্দ বিবেচনায় একক এবং যৌথ গবেষণা প্রকল্পে অর্থ বরাদ্দ দেয়া হবে। অর্থ বরাদ্দের পরিমান সর্বোচ্চ ৩ লক্ষ টাকা হতে পারে।

৮. মুখ্য গবেষক ও সহযোগী গবেষক সম্মানী পাবেন। গবেষণা প্রকল্প ২,৫০,০০০/- টাকা বা তদুর্ধ্ব হলে মুখ্য গবেষক তাঁর এক মাসের মূল বেতনের সমপরিমান ও সহযোগী গবেষক তাঁর এক মাসের মূলবেতনের অর্ধেক টাকা সম্মানী পাবেন তবে, গবেষণা প্রকল্প ২,৫০,০০০/- টাকার নিম্নে হলে মুখ্য গবেষক এবং সহযোগী গবেষক উভয়েই তাঁদের এক মাসের মূলবেতনের অর্ধেক টাকা হারে সম্মানী পাবেন। গবেষণা প্রস্তাব দাখিলের সময় প্রস্তাবে সম্মানীর পরিমাণ উল্লেখ করতে হবে যা তিনি প্রাপ্য হবেন।

৯. বরাদ্দকৃত অর্থের ৬০% গবেষণা গৃহীত হওয়ার পর ১ম কিস্তি হিসেবে ছাড় করা হবে এবং বাকী ৪০% অর্থ গবেষণা মূল্যায়ন কমিটি/বাউবি'র উচ্চশিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা সংক্রান্ত স্থায়ী কমিটি'র সুপারিশের ভিত্তিতে ছাড় করা হবে।

১০. গবেষণা প্রস্তাবনায় গবেষণা পরিচালনার স্থান, অনুঃসৃত পদ্ধতি, জনবল, সংশ্লিষ্টদের সম্মানী ও অন্যান্য ব্যয় বিবরণী বিস্তারিতভাবে উল্লেখ থাকতে হবে।

১১. গবেষণা প্রস্তাবনা বাউবি উচ্চশিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা সংক্রান্ত স্থায়ী কমিটির সুপারিশের ভিত্তিতে বাউবি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর অর্থ ছাড় করা হবে। যৌথ গবেষকের ক্ষেত্রে মুখ্য গবেষকের অনুকূলে অর্থ ছাড় করা হবে।

১২. মনোনীত গবেষণা প্রকল্পের অর্থ ছাড়ের সময় অর্থ ও হিসাব বিভাগ কর্তৃক খাতওয়ারী [সম্মানী/পারিতোষিক (গবেষক/মূখ্য গবেষক), পারিশ্রমিক (গবেষণা সহকারী/উপাত্ত সংগ্রহকারী), মুজুরী (মাঠ শ্রমিক/শ্রমিক), উপকরণ/যন্ত্রপাতি ক্রয় বাবদ ব্যয়, ভ্রমণ ব্যয়, স্টেশনারি দ্রব্যাদি ক্রয় ও বিবিধ] বরাদ্দ উল্লেখ করতে হবে।

১৩. স্ব স্ব স্কুলের স্কুল কমিটি কর্তৃক 'গবেষণা মূল্যায়ন কমিটি' নামে ৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি প্রত্যেক স্কুলে গঠিত হবে। কমিটির মেয়াদকাল হবে ২ বছর। এ কমিটির সভাপতি হবেন ডীন/তার মনোনিত সহযোগী অধ্যাপকের নীচে নয় এমন একজন শিক্ষক। কর্মকর্তাদের ক্ষেত্রে বিভাগীয় প্রধান গবেষণাটি মূল্যায়ন করে রেজিস্ট্রার বরাবর প্রেরণ করবেন।

১৪. প্রত্যেক গবেষক গবেষণা প্রকল্পের ৬ (ছয়) মাস অন্তর অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট স্কুল/বিভাগের মাধ্যমে রেজিস্ট্রার বরাবর জমা দিবেন।

১৫. মূখ্য গবেষক বরাদ্দকৃত অর্থের বিল, ভাউচার ও ক্যাশমেমো যথাযথভাবে সংরক্ষণ করবেন এবং বাউবি হিসাব শাখায় গবেষণা কাজ শেষে জমা দিবেন।

১৬. গবেষণা প্রকল্পে কোন যন্ত্রপাতি/উপকরণ ক্রয় করা হলে (যা পরবর্তীতে ব্যবহারযোগ্য) তা প্রকল্প শেষে সংশ্লিষ্ট স্কুলে জমা দিতে হবে যা বিশ্ববিদ্যালয়ের সম্পদ হিসেবে পরিগণিত হবে।

১৭. চূড়ান্ত গবেষণা রিপোর্ট (সফট কপি ও প্রিন্ট কপি) স্কুলের মাধ্যমে বাউবি'র প্রশিক্ষণ ও গবেষণা শাখায় ১(এক)টি, লাইব্রেরিতে ২(দুই)টি, রেজিস্ট্রার দপ্তরে ১(এক)টি প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট স্কুলে ১(এক)টি সংরক্ষিত থাকবে।

১৮. চূড়ান্ত গবেষণা রিপোর্টের পূর্বে সংশ্লিষ্ট গবেষক বাউবিতে একটি সেমিনারের আয়োজন করবেন। উক্ত সেমিনারের সুপারিশের আলোকে গবেষক গবেষনা রিপোর্টটি চূড়ান্ত করবেন।

১৯. সম্পাদিত গবেষণা প্রকল্পের উপর কোন প্রবন্ধ (Article)/বই প্রকাশ করতে হলে সংশ্লিষ্ট প্রকাশনায় বাউবি'র অর্থায়নে গবেষণা সম্পাদিত হয়েছে তা উল্লেখ করতে হবে এবং কৃতজ্ঞতা প্রকাশ করতে হবে।

২০. কোন শিক্ষক/কর্মকর্তা মনোনয়ন পাওয়ার পর যৌক্তিক কারণ ব্যতিত মঞ্জুরী গ্রহণে অপারগতা অথবা গবেষণা প্রকল্পের অর্থ ছাড়ের পর কাজ করতে অপারগতা প্রকাশ করলে পরবর্তী ২ (দুই) বছর তার আবেদন বিবেচনা করা হবে না।

২১. গবেষণা প্রকল্পের অর্থ গ্রহণের পর নির্ধারিত মেয়াদে গবেষণা কার্যক্রম সমাপ্ত না করলে বা অসমাপ্ত রেখে বিদেশ চলে গেলে কিংবা অপারগ হলে বরাদ্দের সমুদয় অর্থ হিসাব শাখায় ফেরৎ দিতে বাধ্য থাকবে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৫।

বাউবি গবেষণা প্রকল্প প্রস্তাবনা ফরম/প্রো-ফর্মা

১। (ক) গবেষক/মুখ্য গবেষকের পরিচিতি

নাম :
পদবী :
ঠিকানা :
মোবাইল নম্বর :
ই-মেইল :

(খ) সহযোগী গবেষক/গবেষকদের পরিচিতি (প্রযোজ্য ক্ষেত্রে)

নাম :
পদবী :
ঠিকানা :
মোবাইল নম্বর :
ই-মেইল :

২। গবেষণা প্রকল্পের তথ্যাবলী/বিবরণ

(ক) গবেষণা প্রকল্পের শিরোনাম (ইংরেজি) :

(খ) গবেষণা প্রকল্পের শিরেনাম (বাংলা) :

(গ) গবেষণা প্রকল্পের মেয়াদ (মাস) :

(ঘ) গবেষণা প্রকল্পে চাহিত অর্থের পরিমাণ :

(ঙ) গবেষণার ধরণ (ল্যাবভিত্তিক/জরীপ/তথ্যসংগ্রহ/গবেষণাপত্র/পুস্তক রচনা/অন্যান্য) :

(চ) গবেষণা কার্যক্রম কোথায় সম্পাদিত হবে? :

(ছ) গবেষণা প্রকল্পের উদ্দেশ্য কি? :

(জ) গবেষণা প্রকল্পটি সম্পাদিত হলে তার ফলাফল বাউবি ও দেশের কি কাজে লাগবে? :

(ঝ) একই ধরনের গবেষণা কার্যক্রম দেশ/বিদেশে হয়েছে কিনা? :
[সংশ্লিষ্ট প্রকাশিত প্রবন্ধের সংক্ষিপ্ত তালিকা (References) সংযুক্ত করুন।]

৩। গবেষণা প্রকল্পের কার্যক্রমে অনুসৃতব্য কৌশল/পদ্ধতির বিস্তারিত বিবরণ দিন :
(Synopsis সংযুক্ত করুন)

৪। গবেষণা প্রকল্পের খাতওয়ারী বাজেট বিবরণী দিন
(সর্বোচ্চ বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে)

(ক) গবেষক/গবেষকদের সম্মানী/পরিতোষিক বাবদ (নীতিমালা অনুযায়ী) :

(খ) গবেষণা সহকারী/উপাত্ত সংগ্রহকারীর পারিশ্রমিক বাবদ :

(গ) মাঠ শ্রমিক/শ্রমিক মুজুরী বাবদ (প্রযোজ্য ক্ষেত্রে) :

(ঘ) ভ্রমণ খাতে ব্যয় (গবেষক/সহযোগী গবেষক) :

(ঙ) যন্ত্রপাতি/উপকরণ ক্রয় বাবদ (তালিকা অনুযায়ী উল্লেখ করুন) :

যন্ত্রপাতি/উপকরণের নাম	সংখ্যা/পরিমাণ	সম্ভাব্য একক দর	সম্ভাব্য মোট খরচ (টাকা)

(চ) বই/জার্নাল/প্রকাশনা ক্রয় বাবদ :

(ছ) স্টেশনারি দ্রব্যাদি ক্রয় বাবদ :

(জ) চূড়ান্ত গবেষণাপত্র/প্রতিবেদন প্রণয়ন বাবদ :

(ঝ) বিবিধ :

৭। **সংশ্লিষ্ট বিষয়ে কোন গবেষণা প্রকল্প অন্য প্রতিষ্ঠানে জমা দিয়েছেন কি?** :

আমি এই মর্মে স্বীকার করছি যে, আবেদনপত্রে সকল তথ্য সঠিকভাবে উল্লেখ করা হয়েছে। আমার গবেষণা প্রকল্পটি চূড়ান্ত মনোনয়ন পেলে ''বাউবি'র গবেষণা কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন নীতিমালা (সংশোধিত)'' অনুযায়ী সকল কার্য সম্পাদন করিতে বাধ্য থাকিব।

৮। **গবেষণা কাজের অভিজ্ঞতা (প্রকাশিত গবেষণা প্রবন্ধ/পুস্তকের তালিকা সংযুক্ত করুন)**

(ক) বাউবি'র কোনো গবেষণা প্রকল্পে ইতোপূর্বে মনোনয়ন পেয়েছিলেন কি? :

(খ) মনোনীত গবেষণা প্রকল্পের শিরোনাম ও অর্থবছর উল্লেখ করুন :

(গ) মনোনীত প্রকল্পে অর্থ গ্রহণ করে থাকলে তা সম্পন্ন করে চূড়ান্ত প্রতিবেদন জমা দিয়েছিলেন কি? :

(ঘ) গবেষণা প্রকল্প সম্পন্ন না হয়ে থাকলে তার কারণ উল্লেখ করুন :

(ঙ) নিম্নবর্ণিত ছকে ইতোপূর্বে আপনার দ্বারা সম্পাদিত গবেষণা প্রকল্পের বিবরণ দিন।

গবেষণার শিরোনাম	সন	অর্থায়নকারী প্রতিষ্ঠান	প্রকাশিত প্রবন্ধ/বই (Reference)

....
ডীন/বিভাগীয় প্রধানের স্বাক্ষর ও সীল

....
গবেষক/মূখ্য গবেষকের স্বাক্ষর ও সীল

....
সহযোগী গবেষকের স্বাক্ষর ও সীল
(প্রযোজ্য ক্ষেত্রে)